দৈনিক সংবাদ

তারিখ 19 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 6

065

# অর্থনীতিতে ফ্রান্সের মরিস অ্যালে নোবেল পুরস্কার পেলেন

ষ্টকহোম, ১৮ই অক্টোবর (এএফপি)।—অর্থনীতিতে এবার নোবেল পুরস্কার পেয়েছেন ফ্রান্সের মরিস অ্যালে (৭৭)। আজ এ পুরস্কার ঘোষণা করা হয়েছে।

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

## নোবেল পুরস্কার

(১ম পাতার পর)

রাজকীয় সুইডিশ বিজ্ঞান একাডেমীর বিচারকরা জানান, বাজার তত্ত্ব ও সম্পদের সর্বাধিক দক্ষ ব্যবহারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য তাকে এ পুরস্কার দেয়া হয়েছে।

অ্যালে হচ্ছেন অর্থনীতিতে নোবেল পুরস্কার বিজয়ী প্রথম ফরাসী। তিনি শীর্ষ স্থানীয় ইঞ্জিনিয়ারিং স্কুল ইকল দ্য মিনের শিক্ষক।

আগামী ১০ই ডিসেম্বর এখানে এক অনুষ্ঠানে তিনি পুরস্কার ও ২৫ লাখ ক্রোনারের (৩ লাখ ৯০ হাজার ডলার) একটি চেক গ্রহণ করবেন।